

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড
ময়মনসিংহ
www.nape.gov.bd

স্মারক নং: ৩৮.০৪.০০০০.৪১৮.১৮.১৪৬.২৫-৩৭৬

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) প্রোগ্রামের ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফলাফল প্রকাশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ১২ টি পিটিআই তে চলমান ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) প্রোগ্রামের ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফলাফল এসঙ্গে প্রেরণ করা হল এবং নিম্নোক্ত নির্দেশনা অনুসরণপূর্বক সংশ্লিষ্ট পিটিআই কে ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলঃ

১. অকৃতকার্য পরীক্ষার্থীগণ যে যে বিষয়ে অকৃতকার্য হয়েছেন, সে সংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট পিটিআই-এর ই-মেইলে প্রেরণ করা হবে এবং পিটিআইসমূহ নোটিশের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের ফলাফল অবহিত করবে।
২. ডিপিএড 'প্রোগ্রাম বাস্তবায়ন কমিটি'র সভার সিদ্ধান্ত মোতাবেক ১ম সেমিস্টারে অকৃতকার্য পরীক্ষার্থীদের জন্য পৃথকভাবে নিরাময়মূলক (Remedial) পরীক্ষা গ্রহণ করা হবে। নিরাময়মূলক পরীক্ষার সম্ভাব্য তারিখ সেপ্টেম্বরের ২য় সপ্তাহ। এ সম্পর্কিত বিস্তারিত রুটিন শীঘ্রই নেপের ওয়েবসাইট ও পিটিআই এর মেইলে প্রেরণ করা হবে।
৩. কেবল ২য় সেমিস্টারে ভর্তিকৃত অকৃতকার্য পরীক্ষার্থীগণই এই নিরাময়মূলক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন; ২য় সেমিস্টারে ভর্তি ব্যতীত কোনো পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ করা যাবে না।
৪. ২য় সেমিস্টারে ভর্তিকৃত অকৃতকার্য প্রশিক্ষণার্থীরা নিয়মিত একাডেমিক কার্যক্রমে অংশগ্রহণ অব্যাহত রাখবেন।
৫. কোনো অবস্থাতেই নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পর অকৃতকার্য পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের সুযোগ থাকবে না।
৬. ১ম সেমিস্টারের নিরাময়মূলক (Remedial) বা মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণকারী কোনো পরীক্ষার্থী যদি পুনরায় অনুত্তীর্ণ (ফেল) হয়, তবে উক্ত পরীক্ষার্থীর জন্য পরবর্তীতে আর কোনো নিরাময়মূলক পরীক্ষা গ্রহণের সুযোগ থাকবে না। ফলে তিনি অকৃতকার্য হিসেবে বিবেচিত হবেন।
৭. ২য় সেমিস্টারের ক্ষেত্রে কোন প্রকার নিরাময়মূলক পরীক্ষার সুযোগ থাকবে না।
৮. এ সংক্রান্ত সিদ্ধান্তটি চূড়ান্ত হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট পিটিআই-এর মাধ্যমে শিক্ষার্থীদের বিষয়টি পরিষ্কারভাবে অবহিত করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে এ নির্দেশনা প্রেরণ করা হল।



৩০.০৮.২০২৬
(এ কে এম মনিরুল হাসান)

উপপরিচালক (মূল্যায়ন)

ফোন: ০২৯৯১৬৬-৬৫৭৯৫

প্রাপক,

সুপারিনটেনডেন্ট

ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/সাগরদী

(বরিশাল)/যশোর/কুমিল্লা/দিনাজপুর/জয়দেবপুর/বগুড়া


পিটিআই।

স্মারক নং: ৩৮.০৪.০০০০.৪১৮.১৮.১৪৬.২৫-৩৭৬ (৬)

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

- ১। সচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-০২
- ৩। পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-০২ ঢাকা
- ৪। পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ
- ৫। অফিস কপি


(এ কে এম মনিরুল হাসান)
উপপরিচালক (মূল্যায়ন)
ফোন: ০২৯৯১৬৬-৬৫৭৯৫